# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাসবীহ, তাকবীর ও তাহমীদের সাথে তাহলীলও পাঠ করা, যাতে (১০০ পূর্ণ করতে) প্রত্যেকটি ২৫ বার পাঠ করা হয়- এই মর্মে হাদীস

ذِكْرُ اسْتِحْبَابِ زِيَادَةِ التَّهْلِيلِ مَعَ التَّسْبِيحِ وَالتَّحْمِيدِ وَالتَّكْبِيرِ لِيَكُونَ كُلُّ وَاحِدٍ مِنْهَا خَمْسًا

---

আরবী

2014 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو قُدَامَةَ عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ قَالَ: حَدَّثَنَا هشام بن حسان عن محمد بن سيرين عَنْ كَثِيرِ بْنِ أَفْلَحَ: عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ أَنَّهُ قَالَ: أُمرنا أَنْ نُسَبِّح فِي دُبر كُلِّ صَلَاةٍ ثَلَاثًا وَثَلَاثِينَ وَنُحمِّدَ ثَلَاثًا وَثَلَاثِينَ ونُكبِّر أَرْبَعًا وَثَلَاثِينَ فأُتي رَجُلٌ فِي مَنَامِهِ فَقِيلَ لَهُ: إِنَّهُ أَمَرَكُمْ مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ تسبِّحوا فِي دُبر كُلُّ صَلَاةٍ ثَلَاثًا وَثَلَاثِينَ وَتُحَمِّدُوا ثَلَاثًا وَثَلَاثِينَ وَتُكَبِّرُوا أَرْبَعًا وَثَلَاثِينَ؟ قَالَ: نَعَمْ قَالَ: اجْعَلُوهَا خَمْسًا وَعِشْرِينَ وَاجْعَلُوا فِيهِ التَّهْلِيلَ فَلَمَّا أَصْبَحَ أتى رسول الله صلى الله عليه وسلم فَأَخْبَرَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فافعلوه)

الراوي : زَيْد بْن ثَابِتٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

২০১৪. যাইদ বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমাদেরকে যে ব্যক্তি প্রত্যেক সালাতের পর ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আল হামদু লিল্লাহ ও ৩৪ বার আল্লাহু আকবার বলার নির্দেশ দেওয়া হয়। অতঃপর এক ব্যক্তিকে স্বপ্নে বলা হয়, “মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি আপনাদেরকে প্রত্যেক সালাতের পর ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আল হামদু লিল্লাহ ও ৩৪ বার আল্লাহু আকবার বলতে আদেশ করেছেন?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ।” তখন তিনি বলেন, “তোমরা এগুলিকে ২৫ বার বলবে, তাহলীল তথা لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ এটাও ২৫ বার বলবে।” অতঃপর সেই সাহাবী যখন সকাল করলেন, তখন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন অতঃপর তাকে

ব্যাপারটি বলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তবে তোমরা তা-ই করো।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৫২; হাকিম: ১/২৫৩; মুসনাদ আহমাদ: ৫/১৮৪; দারেমী: ১/৩১২; তাবারানী: ৪৮৯৮; তিরমিযী: ৩৪১৩; নাসাঈ: ৩/৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ৯৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91332

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন